



রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
বাড়ি # ১৯, সড়ক # ১/বি, সেক্টর # ৯
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।
আইসিটি সেল

...

সভাপতি মোঃ সেলিম ভূঁইয়া
ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল
সভার তারিখ ০৮.০২.২০২১ ইং
সভার সময় বেলা ১১.০০ ঘটিকা
স্থান অনলাইন ভিডিও কনফারেন্সিং
উপস্থিতি আরপিসিএল এর ইনোভেশন টিম ও আইডিয়া প্রদানকারী সকল কর্মকর্তাবৃন্দ
সভাপতি **Zoom Cloud Meeting Link** এর মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করনে।
সভায় নিম্নোক্ত বিষয়াদির উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা হয় :

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা উপস্থাপন	আরপিসিএল এর ২০২০-২১ অর্থবছরের প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় উল্লেখিত লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করত বিস্তারিত আলোচনা হয়। লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছে।	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২০-২১) শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে নির্ধারিত সময়ে চলমান ইনোভেশন আইডিয়াসমূহ মনিটরিং করতে ব্যবস্থাপক(আইসিটি)-কে নির্দেশনা প্রদান করা হয়।	ব্যবস্থাপক(আইসিটি), আরপিসিএল

০২	গৃহীত উদ্ভাবনী উদ্যোগের অগ্রগতি উপস্থাপন	আরপিসিএল এর ২০২০-২১ অর্থবছরের জন্য গৃহীত ০৬(ছয়) টি আইডিয়ার অগ্রগতি উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়।	১) 'গ্যাস টারবাইনের কম্প্রসড এয়ার কে ইন্সট্রুমেন্ট এয়ার হিসাবে ব্যবহার করন' আইডিয়ারটি Drawing ও Block diagram নথিতে উপস্থাপন করতঃ অনুমোদন সাপেক্ষে দ্রুত প্রয়োজনীয় মালামাল ক্রয়ে ব্যবস্থা নিবেন। ২. "চলমান সিঁড়ি" আইডিয়ারটির একটি ডকুমেন্টারী প্রস্তুত করত শোকেসিং এর জন্য প্রস্তুতি নিবেন। এছাড়া আইডিয়ারটি সকল যায়গায় ব্যবহার উপযোগী করে তৈরী করা যায় কিনা তা পর্যালোচনার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩. SIPOS পাওয়ার কার্ড পুনঃ ব্যবহার আইডিয়ারটির এসেসমেন্ট এর জন্য নষ্ট কার্ডের ক্যাটেগরী ভাগ করা সহ রিপায়ারকৃত কার্ডের কার্যকারীতা মূল্যায়ন করতঃ একটি ডকুমেন্টারী তৈরী করতে হবে। ৪. রাউজান পাওয়ার প্ল্যান্টের আইডিয়ার দুটির ডকুমেন্টারীসহ শোকেসিং এর জন্য প্রস্তুতি নিবেন। ৫. কন্ট্রোল রুম এবং ইঞ্জিন হলের মধ্যে ডিজিটাল কমিউনিকেশন স্থাপন আইডিয়ারটি দ্রুত বাস্তবায়নের জন্য মেন্টর নিয়োগসহ প্রয়োজনে আলাদা সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট আইডিয়ার প্রদানকারী ও প্ল্যান্ট ইনচার্জ
০৩	আভ্যন্তরীণ শোকেসিং আয়োজন	বিদ্যুৎ বিভাগের শোকেসিং এ অংশগ্রহণের পূর্ব প্রস্তুতি হিসাবে আভ্যন্তরীণ শোকেসিং আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। উক্ত শোকেসিং এ আরপিসিএল এর উর্ধতন কর্তৃপক্ষ উপস্থিত থাকবেন।	ময়মনসিংহ পাওয়ার স্টেশন অথবা গাজীপুর পাওয়ার প্ল্যান্টের যেকোনো একটিকে ভেন্যু নির্বাচন করে শোকেসিং আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ব্যবস্থাপক (আইসিটি) ও সংশ্লিষ্ট প্ল্যান্ট ইনচার্জ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ সেলিম ভূঁইয়া

ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক
(প্রকৌশল), আরপিসিএল

স্মারক নম্বর: ২৭.২৬.০০০০.০০৩.০৩.০০৩.১৭.৪

তারিখ: ২৬ মাঘ ১৪২৭

০৯ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব , প্রশাসন অনুবিভাগ, বিদ্যুৎ বিভাগ
- ২) ব্যবস্থাপনা পরিচালক, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
- ৩) সিস্টেম এনালিস্ট, তথ্য প্রযুক্তি শাখা, বিদ্যুৎ বিভাগ
- ৪) ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ



মোঃ জিল্লুর রহমান
ব্যবস্থাপক